

# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

প্রট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র।

## সভার নোটিশ

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিজস্ব বাজেট ও অন্যান্য প্রকল্পের আওতায় ডিএনসিসি'র অধিক্ষেত্রভুক্ত বিভিন্ন রাস্তা, ফুটপাথ, ড্রেন নির্মাণ/উন্নয়ন ও সম্প্রসারণ কাজ চলমান রয়েছে। উন্নয়ন প্রকল্পভুক্ত রাস্তার Carriage Way তে ডেসকো/ডিপিডিসি/টিএন্ডটি'র পোল বিদ্যমান থাকায় উন্নয়ন কাজ ও জনস্বার্থ বিঘ্নিত হচ্ছে। চলমান প্রকল্পের সফল বাস্তবায়ন এবং বাস্তবায়িত প্রকল্পের সর্বোচ্চ সুফল নিশ্চিত করার লক্ষ্যে প্রকল্পভুক্ত সড়কের এ্যালাইনমেন্ট বরাবরে বিদ্যমান পোলসমূহ অপসারণ করতঃ ফুটপাথের পাশে স্থানান্তর কাজের অগ্রগতি ও পরবর্তী করণীয় এবং এলইডি স্ট্রীট লাইট স্থাপন বিষয়ে এক জরুরী সভা অনুষ্ঠিত হবে।

- |    |                   |   |  |
|----|-------------------|---|--|
| ক) | সভাপতি            | : | প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।  |
| খ) | সভার তারিখ ও সময় | : | ১২/০৮/২০১৮ খ্রিঃ, রোজ-রবিবার, বিকাল-০৩.৩০ ঘটিকা।   |
| গ) | সভার স্থান        | : | গুলশান সেন্টার পয়েন্ট, লেভেল-৮, নগর ভবনের সভা কক্ষ।   |
| ঘ) | আলোচ্য সূচী       | : | (ক) চলমান উন্নয়ন প্রকল্পাধীন সড়কের এ্যালাইনমেন্ট বরাবরে বিদ্যমান ডেসকো/ডিপিডিসি/টিএন্ডটি'র পোল অপসারণ।<br>(খ) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় এলইডি (LED) সড়ক বাতি, সিসিটিভি ক্যামেরা ও সিসিটিভি কন্ট্রোল সেন্টার সরবরাহ ও স্থাপন শীর্ষক প্রকল্প।<br>(গ) Supply and Installation of LED Street Light at VIP roads and other important roads under Zone- 1 (Uttara), 3 (Gulshan) & 5 (Kawran Bazar), Dhaka North City Corporation শীর্ষক প্রকল্প।<br>(ঘ) "সোলার স্ট্রীট লাইটিং প্রোগ্রাম ইন সিটি কর্পোরেশন" শীর্ষক প্রকল্পের আওতায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অধিক্ষেত্রভুক্ত এলাকায় এলইডি (LED) স্ট্রীট লাইট স্থাপন প্রকল্প।<br>(ঙ) বিবিধ। |

অনুষ্ঠিতব্য সভায় সংশ্লিষ্ট সকল-কে যথাসময়ে উপস্থিত থাকার জন্য আদিষ্ট হয়ে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

(প্রকৌ: মোঃ রফিকুল ইসলাম)

নির্বাহী প্রকৌশলী

প্রকৌশল বিভাগ, বিদ্যুৎ সার্কেল

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

ফোনঃ ৯৮৫২৮২২

E-mail : rafique.dncc67@gmail.com

তারিখঃ ০৬/০৮/২০১৮

স্মারক নং- ৪৬.১০.০০০০.০৩৭.৩৬.৪০৫৬.১৭-১৪৩

কার্যক্রম : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। প্রধান প্রকৌশলী (পিএন্ডডি), ডেসকো, ফারুক সরণী, নিকুঞ্জ, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, আইডিআইপি প্রকল্প ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল সার্কেল) / (বিদ্যুৎ সার্কেল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৪। জনাব জ্যোতিষ চন্দ্র রায়, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ডিস্ট্রিবিউশন প্রজেক্ট), ডেসকো, ফারুক সরণী, নিকুঞ্জ, ঢাকা (ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অধিক্ষেত্রভুক্ত এলাকায় পোল অপসারণ কাজে নিয়োজিত ঠিকাদার/প্রতিনিধিসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো)।
- ৫। টিম লিডার, Devcon উপদেষ্টা প্রতিষ্ঠান, IDIP প্রকল্প, উপযুক্ত প্রতিনিধিসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
- ৬। নির্বাহী প্রকৌশলী (পুর), অঞ্চল ১,২,৩,৪ ও ৫, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৭। উপ-প্রকল্প পরিচালক ও নির্বাহী প্রকৌশলী (পিএন্ডডি), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৮। নির্বাহী প্রকৌশলী, পিএন্ডডি, ডেসকো, ফারুক সরণী, নিকুঞ্জ, ঢাকা।
- ৯। নির্বাহী প্রকৌশলী (ডিস্ট্রিবিউশন প্রজেক্ট), ডেসকো, ফারুক সরণী, নিকুঞ্জ, ঢাকা (ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অধিক্ষেত্রভুক্ত এলাকায় পোল অপসারণ কাজে নিয়োজিত ঠিকাদার/প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করবেন)।
- ১০। সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ), অঞ্চল ১,২,৩,৪ ও ৫ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (পোল অপসারণ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি উপস্থাপনের নিমিত্তে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনসহ উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো)।
- ১১। উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ), অঞ্চল ১,২,৩,৪ ও ৫ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (পোল অপসারণ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি উপস্থাপনের নিমিত্তে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনসহ উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো)।
- ১২। মেসার্স ..... , পোল অপসারণ কাজে ডেসকো নিয়োজিত ঠিকাদার।

অনুলিপিঃ (সদয় জ্ঞাতার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ২। প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৩। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-১,২,৩,৪ ও ৫, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ডিএনসিসি (ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৫। মেয়র মহোদয়ের একান্ত সচিব (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য), ডিএনসিসি।
- ৮। কেয়ার টেকার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (সভাকক্ষ প্রস্তুত ও আপ্যায়নের জন্য অনুরোধ করা হলো)।
- ৯। অফিস কপি/ফাইল কপি।